CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

2-3

পরমারাধ্যতম

শ্রীশ্রীল রঘুনাথ দাস গোস্বামি-প্রভুপাদ-প্রণীত

শ্রীশ্রীস্তবাবলী

(মূল অষ্টকাবলী ও পদ্যানুবাদ)

শ্রীঅপর্ণা দেবী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

গ্রন্থাগার—সংস্কৃত কলেজ,
কলিকাতা, কলিকাতা
কলেজ-৬

পরমারাধ্যতম

শ্রীশ্রীল-রঘুনাথদাসগোস্বামি-প্রভুপাদ-প্রণীত

শ্রীশ্রীস্তবাবলী

(মুল অষ্টকাবলী ও পদ্যানুবাদ)

শ্রীশ্রীগুরুবৈষ্ণব-পাদপদ্মরেণু-ভিখারিণী

শ্রীঅপর্ণা দেবী

কর্তৃক

সম্পাদিত ও প্রকাশিত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরমারাধ্যতম শ্রীশ্রীল রঘুনাথ দাস গোস্বামী
প্রভুপাদেরবিরহ-তিথি।

১৬ই আশ্বিন, রবিবার, ১৩৬৭ বঙ্গাব্দ।

২রা অক্টোবর, ১৯৬০ খ্রীষ্টাব্দ।



(সর্বস্বত্ব সংরক্ষিত)

প্রথম সংস্করণ

মুদ্রাকর
শ্রীভোলানাথ হাজরা
রূপবাণী প্রেস
৩১, বাদুড়বাগান স্ট্রীট
কলিকাতা-৯।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

নিবেদন

শ্রীগুরুবৈষ্ণবগণ পতিতপাবন।
শোধি' মোর দুষ্টমতি, দিতে ভক্তিধন॥
করিলা আদেশ দান হইয়া সদয়।
দাস গোস্বামীর গ্রন্থ—প্রেমরসময়॥
"স্তবাবলী ভাষাগীতি গাও ব্রজে বসি'।
তুষ্ট হবে সপার্ষদে শ্রীগৌরাঙ্গ-শশী॥"
নাই যে যোগ্যতা, আমি পতিত পামর।
প্রেম-অনুভবহীন পাষাণ অন্তর॥
সাধন-ভজন-শূন্য, দুর্ম্মতি অধম।
ত্রিভুবনে অপরাধী নাহি মম সম॥
অশ্রুই সম্বল ক'রে 'স্তবাবলী' হ'তে।
আট অষ্টকের ভাষা রচি' আজ্ঞামতে॥
করিনু প্রকাশ আজি ভকত-সমাজে।
লুটায়ে মস্তক ভক্ত-পদ-রজঃ মাঝে॥
(শ্রী) রূপ-রঘুনাথানুগ হে গৌড়ীয়গণ!
তোমাদের পাদপদ্মে নম্র নিবেদন॥
রচনার দোষ যত, করিয়া শোধন।
পড়িয়া এ স্তবগীতি, মোরে দিও ভক্তিধন॥
অদোষদরশী সবে মহাকৃপাময়।
ক্ষমি' অপরাধরাশি, হও হে সদয়।

শ্রীবৃন্দাবন ধাম
শ্রীদাসগোস্বামীর বিরহ-তিথি
১৬ই আশ্বিন, ১৩৬৭ বঙ্গাব্দ

শ্রীশ্রীগুরুবৈষ্ণব-কৃপাভিলাষিণী
পতিতাধমা
অপর্ণা দেবী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরমারাধ্যতম শ্রীশ্রীল রঘুনাথ দাস গোস্বামী
প্রভুপাদেরবিরহ-তিথি।
১৬ই আশ্বিন, রবিবার, ১৩৬৭ বঙ্গাব্দ।
২রা অক্টোবর, ১৯৬০ খ্রীষ্টাব্দ।



(সর্বস্বত্ব সংরক্ষিত)
প্রথম সংস্করণ

মুদ্রাকর
শ্রীভোলানাথ হাজরা
রূপবাণী প্রেস
৩১, বাদুড়বাগান স্ট্রীট
কলিকাতা-৯।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

নিবেদন

শ্রীগুরুবৈষ্ণবগণ পতিতপাবন।
শোধি' মোর দুষ্টমতি, দিতে ভক্তিধন॥
করিলা আদেশ দান হইয়া সদয়।
দাস গোস্বামীর গ্রন্থ—প্রেমরসময়॥
"স্তবাবলী ভাষাগীতি গাও ব্রজে বসি'।
তুষ্ট হবে সপার্ষদে শ্রীগৌরাঙ্গ-শশী॥"
নাই যে যোগ্যতা, আমি পতিত পামর।
প্রেম-অনুভবহীন পাষাণ অন্তর॥
সাধন-ভজন-শূন্য, দুর্ম্মতি অধম।
ত্রিভুবনে অপরাধী নাহি মম সম॥
অশ্রুই সম্বল ক'রে 'স্তবাবলী' হ'তে।
আট অষ্টকের ভাষা রচি' আজ্ঞামতে॥
করিনু প্রকাশ আজি ভকত-সমাজে।
লুটায়ে মস্তক ভক্ত-পদ-রজঃ মাঝে॥
(শ্রী) রূপ-রঘুনাথানুগ হে গৌড়ীয়গণ!
তোমাদের পাদপদ্মে নম্র নিবেদন॥
রচনার দোষ যত, করিয়া শোধন।
পড়িয়া এ স্তবগীতি, মোরে দিও ভক্তিধন॥
অদোষদরশী সবে মহাকৃপাময়।
ক্ষমি' অপরাধরাশি, হও হে সদয়।

শ্রীবৃন্দাবন ধাম
শ্রীদাসগোস্বামীর বিরহ-তিথি
১৬ই আশ্বিন, ১৩৬৭ বঙ্গাব্দ

শ্রীশ্রীগুরুবৈষ্ণব-কৃপাভিলাষিণী
পতিতাধমা
অপর্ণা দেবী

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরুগৌরাঙ্গৌ জয়তঃ

সূচীপত্রম্

	বিষয়াঃ			পত্রাঙ্কাঃ
১।	মঙ্গলাচরণ	...	...	১ — ২
১।	শ্রীশ্রীচৈতন্যাষ্টকম্	...	...	৩ — ৯
২।	শ্রীশ্রীরাধাকুণ্ডাষ্টকম্	...	...	৯—১৩
৩।	শ্রীশ্রীরাধিকাষ্টকম্	...	...	১৪—১৯
৪।	নবাষ্টকম্	....	...	১৯—২৪
৫।	শ্রীশ্রীমুকুন্দাষ্টকম্	...	...	২৫—২৯
৬।	শ্রীশ্রীনবযুবদ্বন্দ্ব-দিদৃক্ষাষ্টকম্	...	...	২৯—৩৪
৭।	অভীষ্টপ্রার্থনাষ্টকম্	...	...	৩৪—৪০
৮।	দাননির্ব্বর্ত্তনকুণ্ডাষ্টকম্	...	...	৪০—৪৫

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীগুরু-গৌরাঙ্গ-গান্ধর্বাহ্বদ্-গোবিন্দদেবৌ বিজয়েতেতমাম্

শ্রীশ্রীলরঘুনাথদাসগোস্বামিপ্রভুপাদ-প্রণীতা

শ্রীশ্রীস্তবাবলী

(মূল অষ্টকাবলী ও পদ্যানুবাদ)

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীং ব্যাসং ততো জয়মুদীরয়েৎ ॥
মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্।
যৎকৃপা তমহং বন্দে শ্রীগুরুং দীনতারণম্ ॥
রাধাকুণ্ড-তটে কলিন্দ-তনয়া-তীরে চ বংশীবটে
প্রেমোন্মাদ-বশাদশেষ-দশয়া গ্রস্তৌ প্রমত্তৌ সদা।
গায়ন্তৌ চ কদা হরে গুর্ণবরং ভাবাভিভূতৌ মুদা
বন্দে রূপ-সনাতনৌ রঘু-যুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥
হে রাধে, ব্রজদেবিকে ! চ ললিতে ! হে নন্দসূনো ! কুতঃ
শ্রীগোবর্দ্ধন-কল্পপাদপ-তলে কালিন্দী-বন্যে কুতঃ।
ঘোষন্তাবিতি সর্বতো ব্রজপুরে খেদৈর্মহাবিহ্বলৌ
বন্দে রূপ-সনাতনৌ রঘু-যুগৌ শ্রীজীব-গোপালকৌ ॥

জয় মহাকৃপাময়, শ্রীরূপানুগ গুরুচয়,
জয় শ্রীল রূপ-সনাতন।
জয় শ্রীল ভট্টদ্বয়, শ্রীদাসগোস্বামী জয়,
জয় শ্রীল শ্রীজীবচরণ ॥
অজ্ঞান-তিমিরে অন্ধ, ভক্তিহীন অতি মন্দ,
মূঢ়মতি, পতিত পামর।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নাই গুণ একবিন্দু, অশেষ দোষের সিন্ধু,
অপরাধী আমি নিরন্তর ॥
তোমাদের পদতলে, আজিকে নয়নজলে,
সকাতরে লইনু শরণ।
ক্ষমি' অপরাধ ঘোর, ধর পদ শিরে মোর,
ধন্য হোক্ এ' ছার জীবন ॥
জয় রঘুনাথ দাস, করহে দাসের দাস,
জয় মহাকরুণাসাগর!
"স্তবাবলী"-ভাষাগানে, লোভ-কণা দিলে প্রাণে,
অযোগ্যতা পীড়িছে অন্তর ॥
স্তবের সুবাসে মোর, লোচনে ঝরায় লোর,
সাধ আনে,—রচি' স্তব-ভাষা।
কিন্তু হিয়া প্রীতিহীন, অনুভূতি-শূন্য দীন,
কিরূপে পূরিবে হেন আশা ॥
শ্লোকাশয় নাহি জানি, বাহ্য অর্থ টানাটানি
হায় হায়! কী মহা দুর্দশা।
ক্ষম ক্ষম, হে গোঁসাই! মোর আর গতি নাই,
তব কৃপা করিনু ভরসা ॥
নমো ভাগবতগণ! শুন আর্তি-নিবেদন,
দোষ শোধি', পড়ি' ভাষা-গীতি।
কোরো হেন আশীর্বাদ, পূর্ণ হোক্ সেবাসাধ,
ইষ্টধনে বাড়ুক্ পীরিতি ॥"

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীশ্রীচৈতন্যাষ্টকম্

শ্রীশ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্রায় নমঃ

১। হরির্দ্বৃষ্ট্বা। গোষ্ঠে মুকুরগতমাত্মানমতুলং
স্বমাধুর্য্যং রাধা-প্রিয়তরসখীবাপ্তুমভিতঃ।
অহো গৌড়ে জাতঃ প্রভুরপরগৌরৈকতনুভাক্
শচীসূনুঃ কিং মে নয়ন-সরণিং যাস্যতি পুনঃ ?

শ্রীগোকুলপুরে, কনকমুকুরে,
আপন অতুল স্বরূপ হেরি'।
প্রাণপ্রিয়সখী, শ্রীরাধারি মতো
স্বমাধুর্য্যানুভব লোভেতে হরি॥
কাঞ্চন গৌরীর কান্তি মাখিয়া,
অভিনব গৌরবিগ্রহ ধরি'।
মহাভাব-সনে, রসরাজ-শ্যাম,
একীভূত তনু স্বীকার করি॥
শচীসুনুরূপে, গৌরাঙ্গ-স্বরূপে,
জনমিলা যিনি গৌড়দেশে।
নেত্রপথে কভু, আর সেই প্রভু,
দেখা কি দিবেন করুণাবেশে ? ১॥

২। পুরীদেবস্যান্তঃপ্রণয়মধুনি স্নানমধুরো
মুহুর্গোবিন্দোদ্যদ্বিশদপরিচর্য্যার্চ্চিতপদঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্বরূপস্য প্রাণার্ব্বুদ-কমলনীরাজিতমুখঃ
শচীসূনুঃ কিং মে নয়ন-সরণিং যাস্যতি পুনঃ ?

পরমানন্দ পুরীর মানস-পুরীর,
প্রণয়-মধুতে করিয়া স্নান।
যিনি সুমধুর স্নেহবান্ ॥
সেবক গোবিন্দে, পরম আনন্দে,
যেই পদার্চনে সঁপেছে প্রাণ।
পরিচর্য্যায় অবিরাম ॥
(শ্রী) স্বরূপ প্রভুর, সুরভি-মধুর,
অগণিত প্রাণ-কমলদলে।
যাঁ'র শ্রীবদন, হয় নীরাজন,
জগন্নাথ-ধাম শ্রীনীলাচলে ॥
সেই পতিতপাবন, শ্রীশচীনন্দন,
অনাথের নাথ প্রভু কি আর,—
করুণাবশতঃ, মম নেত্রপথ,
প্রাপ্ত হইবেন পুনর্বার ? ২ ॥

৩। দধানঃ কৌপীনং তদুপরি বহির্বস্ত্রমরুণং
প্রকাণ্ডো হেমাদ্রিদ্যুতিভিরভিতঃ সেবিত-তনুঃ।
মুদা গায়ন্নুচ্চৈর্নিজমধুর-নামাবলীমসৌ
শচীসূনুঃ কিং মে নয়ন-সরণিং যাস্যতি পুনঃ ?

সুবর্ণ গিরির, অপূর্ব দীপ্তির,
পুঞ্জ জিনি' যাঁ'র শ্রীঅঙ্গবিভা।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কৌপীন উপরে, ঝল্‌মল্ করে,
অরুণ বহির্বসন কিবা!
(নিজ) মধুর নামাবলী, হর্ষ-কুতূহলী,
দিব্যকণ্ঠে উচ্চে যে কৈলা গান।
সেই সুদীর্ঘ তনু, শ্রীমান্ শচীসূনু,
দরশন আর দিবে কি দান? ৩॥

৪। অনাবেদ্যাং পূর্ব্বৈরপি মুনিগণৈর্ভক্তিনিপুণৈঃ
শ্রুতেগূর্ঢ়াং প্রেমোজ্জ্বল-রসফলাং ভক্তিলতিকাম্।
কৃপালুস্তাং গৌড়ে প্রভুরতিকৃপাভিঃ প্রকটয়ন্
শচীসূনুঃ কিং মে নয়ন-সরণিং যাস্যতি পুনঃ?

ভকতি-প্রবীণ, পরম প্রাচীন,
মুনিগণও কভু জানেনি যাহা।
(সেই) শ্রুতি-অগোচর, (শুচি) রসময় ফল-
শালিনী ভকতি-লতিকা আহা!
অতি কৃপাভরে, শ্রীগৌড়মণ্ডলে,
সুপ্রচুররূপে প্রকট করি'—
কৃপালু বলিয়া, পেয়েছেন খ্যাতি,
দাতাশিরোমণি যে' গৌরহরি॥
মোরে পতিত দেখিয়া, আপনি আসিয়া,
তৃষিত-নয়ন-পথের 'পরে।
সেই শচীসূনু, আর কি কখনো,
দিবে দরশন করুণাভরে? ৪॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৫। নিজত্বে গৌড়ীয়ান্ জগতি পরিগৃহ্য প্রভুরিমান্
'হরে কৃষ্ণেত্যেবং গণন-বিধিনা কীর্ত্তয়ত ভোঃ'।
ইতিপ্রায়াং শিক্ষাং জনক ইব তেভ্যঃ পরিদিশন্
শচীসূনুঃ কিং মে নয়ন-সরণিং যাস্যতি পুনঃ ?

যে' প্রভু জগতে, আত্মীয়-রূপেতে,
গৌড়ীয়গণে স্বীকার ক'রে,—
জনকের মত, যত্নে অবিরত,
শিক্ষা দিয়েছেন করুণাভরে।
"সংখ্যা-সহকারে, 'হরে কৃষ্ণ···হরে'···
এ' মহামন্ত্র গাও হে সবে"—
এই উপদেশ, যিনি সবিশেষ,
ঘোষণা করিলা উচ্চরবে॥
সেই শচীসূনু, আর কি কখনো,
নেত্রপথে মোর পুনর্বার।
সদয় হইয়া, আপনি আসিয়া,
দেখাবেন রাঙ্গা চরণ তাঁ'র ? ৫॥

৬। পুরঃ পশ্যন্ নীলাচলপতিমুরুপ্রেম-নিবহৈঃ
ক্ষরন্নেত্রান্তোভিঃ স্নপিত-নিজদীর্ঘোজ্জ্বল-তনুঃ।
সদা তিষ্ঠন্ দেশে প্রণয়ি-গরুড়স্তম্ভচরমে
শচীসূনুঃ কিং মে নয়ন-সরণিং যাস্যতি পুনঃ ?

যিনি নিজভক্ত গরুড়চিহ্নিত,
মহা-স্তম্ভের পিছনদেশে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

থাকিয়া সতত, নীলাচল-নাথ,
হেরি' পুরোভাগে প্রণয়াবেশে ॥
ক'রায়েছে স্নান, অতি অনুপাম,
নিজ দীর্ঘোজ্জ্বল শ্রীতনুটিরে।
দর দর ধারে, প্রবাহ আকারে,
সদ্য-বিগলিত লোচন-নীরে ॥
সেই শচীসূনু, আমার কি পুনঃ,
নয়ন-সরণি প্রাপ্ত হবে ?
রাতুল চরণ, করিব দর্শন,
হেন শুভক্ষণ মিলিবে কবে ? ৬ ॥

৭। মুদা দন্তৈর্দ্দষ্ট্বা দ্যুতি-বিজিত-বন্ধূকমধরং
করং কৃত্বা বামং কটি-নিহিতমন্যং পরিলসন্।
সমুত্থাপ্য প্রেম্ণাঽগণিতপুলকো নৃত্যকুতুকী
শচীসূনুঃ কিং মে নয়ন-সরণিং যাস্যতি পুনঃ ?

বাঁধুলীর ফুল, জিনিয়া অতুল,
সুচারু কোমল রাতুলাধর।
দন্তরাজি দিয়া, দংশন করিয়া,
বাম কর রাখি' কটিরপর ॥
ঊর্দ্ধে বিন্যস্ত, দক্ষিণ হস্ত,
ভঙ্গী-সহকারে উত্থাপিয়া।
রাধা-ভাবাবেশে, (অসংখ্য) পুলক প্রকাশে,
(যিনি) নটন-কৌতুক-রঙ্গিয়া ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

. CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেই শচীসুনু, আর কি কখনো,
নয়নের পথে পুনর্বার।
রাখিবে আপন, কমল-চরণ,
করুণাবশতঃ একটি বার ? ৭ ॥

৮। সরিত্তীরারামে বিরহ-বিধুরো গোকুলবিধো
র্নদীমন্যাং কুর্ব্বন্নয়নজলধারাবিততিভিঃ।
মুহুর্মূর্চ্ছাং গচ্ছন্মৃতকমিব বিশ্বং বিরচয়ন্
শচীসূনুঃ কিং মে নয়ন-সরণিং যাস্যতি পুনঃ ?

তটিনীর তীরে, উপবন হেরি',
বরজ-শশীর স্মৃতির ফলে।
অন্য প্রবাহিনী, সৃজিলেন যিনি,
প্রীতি-বিগলিত নয়নজলে ॥
গোকুল-বিধুর, বিরহে বিধুর,
হ'য়ে মূরছিত বারংবার ॥
ক'রেছিলা হায়, মৃতকের প্রায়,
বেদনা-ব্যথিত এ' সংসার ॥
সে' শচীদুলালে, আর কোন কালে,
আমার নয়ন-সরণি 'পরে।
কোটীন্দুশীতল, চরণ কমল,
দেখাবেন কিগো করুণাভরে ? ৮ ॥

৯। শচীসূনোরস্যাষ্টকমিদমভীষ্টং বিরচয়ৎ
সদা দৈন্যোদ্রেকাদতিবিশদ-বুদ্ধিঃ পঠতি যঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রকামং চৈতন্যঃ প্রভুরতিকৃপাবেশবিবশঃ
পৃথু-প্রেমাম্ভোধৌ প্রথিত-রসদে মজ্জয়তি তম্ ॥

সুবিমল মতি, যে' মানব অতি
দীনচিত্তে, সদা কাকুতিভরে।
অভীষ্টসাধক, এ' চৈতন্যাষ্টক
যথেষ্টরূপে পঠন করে ॥
পরম বদান্য, (মহা) প্রভু শ্রীচৈতন্য,
হ'য়ে কৃপাবেশে ব্যাকুলচিত্ত।
কৃষ্ণ-রসপ্রদ, প্রেম-বারিধিতে,
করেন তাঁহারে নিমজ্জিত ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীচৈতন্যাষ্টকং সম্পূর্ণম্

অথ শ্রীশ্রীরাধাকুণ্ডাষ্টকম্

শ্রীশ্রীমদীশ্বরীকুণ্ডায় নমঃ

১। বৃষভদনুজনাশান্নর্ম্মধর্ম্মোক্তিরঙ্গৈ-
র্নিখিলনিজসখীভির্যৎ স্বহস্তেন পূর্ণম্।
প্রকটিতমপি বৃন্দারণ্যরাজ্ঞা প্রমোদৈ-
স্তদতি-সুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

বৃষাসুর বধি' মনের হরষে, বৃন্দাবন-নাথ আইলা যবে
বৃন্দাবনেশ্বরী, রাধিকাসুন্দরী, নর্ম-ধর্ম-উক্তি কহিয়া তবে ॥
নিজহাতে যাহা খনন করিয়া, মিলিয়া সকল সখীর সঙ্গে ।
পূর্ণ করেছেন, সর্বতীর্থ-নীরে, বিপুল কৌতুকে, প্রমোদ-রঙ্গে ॥
সেই অতি সুবাসিত, রাধিকা-সরসী, হউন আমার পরমাশ্রয় ।
এ' আশা আমার মরমের পুরে, নিয়ত কেবলি জাগিয়া রয় ॥ ১ ॥

২। ব্রজভুবি মুরশত্রোঃ প্রেয়সীনাং নিকামৈ-
রসুলভমপি তূর্ণং প্রেমকল্পদ্রুমং তম্ ।
জনয়তি হৃদি ভূমৌ স্নাতুরুচ্চৈঃ প্রিয়ং যৎ
তদতি-সুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥

মুরারি হরির ইন্দ্রিয়তোষণী, আর যত যত প্রেয়সীগণে ।
না পাইল যেই প্রেমকল্পতরু, সদা অভিলাষ ক'রেও মনে ॥
সেই সুদুর্লভ কল্পতরুরাজ, একবার যেথা করিলে স্নান ।
অচিরে হৃদয়ে হয় প্রকাশিত, রাধিকা-সরসী তাহারি নাম ॥
অতি সুবাসিত সেই কুণ্ডবর, হইয়া সতত পরমাশ্রয় ।
পূর্ণ করুন, যুগল-সেবার, আমার যতেক কামনাচয় ॥ ২ ॥

৩। অঘরিপুরপি যত্নাদত্র দেব্যাঃ প্রসাদ-
প্রসর-কৃতকটাক্ষ-প্রাপ্তিকামঃ প্রকামম্ ।
অনুসরতি যদুচ্চৈঃ স্নানসেবানুবন্ধৈ-
স্তদতি-সুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥

শ্রীরাধাসরসী সেবাফলে ত্বরা, রাধিকার কৃপা সুলভ হয় ।
এই আশে সদা শ্যাম-গিরিধর, কুণ্ডসেবনে নিরত রয় ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মানিনী রাধার প্রসাদ-প্রসন্ন, কটাক্ষ-লাভের কামনা করি'।
যত্নসহকারে, নিত্যস্নানদ্বারা, সেবা করে যাঁর অঘারি হরি॥
অতি সুবাসিত সে' রাধাসরসী, হউন আমার পরমাশ্রয়।
এ' আশা আমার, মরমের পুরে, নিয়ত কেবলি জাগিয়া রয়॥ ৩

৪। ব্রজভুবন-সুধাংশোঃ প্রেমভূমির্নিকামং
ব্রজমধুর-কিশোরী-মৌলিরত্ন-প্রিয়েব।
পরিচিতমপি নাম্না যচ্চ তেনৈব তস্যা-
স্তদতি-সুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে॥

মধুর রসের আশ্রিতা যত, মধুরা বরজ-কিশোরীগণ।
তাঁদের সবার, শিরোভূষারূপে, বিরাজে গরবে যেই রতন॥
সেই প্রিয়তমা রাধিকারি মতো, পীরিতিভাজন গোবিন্দের।
শ্রীরাধারই নামে পরিচয় সদা, শুচি-মনোহর যে' কুণ্ডের॥
অতি সুবাসিত সে' রাধা-সরসী, হউন আমার পরমাশ্রয়।
এ' আশা আমার মরমের পুরে, নিয়ত কেবলি জাগিয়া রয়॥ ৪॥

৫। অপি জন ইহ কশ্চিদ্‌যস্য সেবাপ্রসাদৈঃ
প্রণয়সুরলতা স্যাত্তস্য গোষ্ঠেন্দ্রসূনোঃ।
সপদি কিল মদীশা-দাস্য-পুষ্পপ্রশস্যা
তদতি-সুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে॥

সেবা-পরসাদ লভিলে যাঁহার, এই জগমাঝে যে কোন জন।
সেই মুহূর্তেই, গোষ্ঠেন্দ্রসূনুর, প্রণয়-কল্পলতিকা হ'ন॥
আমার ঈশ্বরী, শ্রীরাধারাণীর, দাস্য-পুষ্পরাশি বিকসি' উঠে।
নবলতিকার, সেবা-সুষমার, প্রশংসা-সুবাস চৌদিকে ছুটে॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

সেই সুবাসিত রাধিকাসরসী, হউন আমার পরমাশ্রয়।
এ' আশা আমার মরমের পুরে, নিয়ত কেবলি জাগিয়া রয় ॥ ৫ ॥

৬। তটমধুর-নিকুঞ্জাঃ কৃষ্ণনামান উচ্চৈ-
র্নিজপরিজনবর্গৈঃ সংবিভজ্যাশ্রিতাস্তৈঃ।
মধুকররুতরম্যা যস্য রাজন্তি কাম্যা-
স্তদতি-সুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥

তটদেশে যাঁর, শোভা পায় কত, মধুর বিলাস কুঞ্জালয়।
ললিতাদি-সখী-নাম অনুসারে, যাঁহাদের নামকরণ হয়॥
সখী সমাজের নিত্য আশ্রিত, মধুকর-রুত রম্যস্থল।
মধুর-রসের উদ্দীপনকারী, হরি-লীলা-রসে সুনির্মল ॥
অতি সুবাসিত শ্রীরাধা-সরসী, হউন আমার পরমাশ্রয়।
এ' আশা আমার, মরমের পুরে, নিয়ত কেবলি জাগিয়া রয় ॥ ৬ ॥

৭। তটভুবি বরবেদ্যাং যস্য নর্ম্মাতিহৃদ্যাং
মধুর-মধুরবার্ত্তাং গোষ্ঠচন্দ্রস্য ভঙ্গ্যা।
প্রথয়তি মিথ ঈশা প্রাণসখ্যালিভিঃ সা
তদতি-সুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে ॥

যাঁর তীর-ভাগে, বরবেদিকায়, বসি' প্রাণসখী-গণের সনে।
মদীশ্বরী রাধা, হাসিমাখা মুখে, কৌতুকভরা পুলক মনে ॥
গোষ্ঠশশীর, মধুর মধুর, বিবরণরাজি পরস্পর।
ভঙ্গীসহকারে, কহিয়া কহিয়া, প্রমত্ত রহেন নিরন্তর ॥
অতি সুবাসিত সে' রাধাসরসী, হউন আমার পরমাশ্রয়।
এ আশা আমার, মরমের পুরে, নিয়ত কেবলি জাগিয়া রয় ॥ ৭ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৮। অনুদিনমতিরঙ্গৈঃ প্রেমমত্তালিসঙ্ঘৈ-
র্বরসরসিজগন্ধৈর্হারি-বারি-প্রপূর্ণে।
বিহরত ইহ যস্মিন্ দম্পতী তৌ প্রমত্তৌ
তদতি-সুরভি রাধাকুণ্ডমেবাশ্রয়ো মে॥

সরসিজ-গন্ধে অতি সুরভিত, পরিপূর্ণ পূতঃ বিমল-নীরে।
সেবা-রসোচ্ছল তরঙ্গময়, প্রিয়তম যেই কুণ্ড-তীরে॥
রাধিকা-গোবিন্দ, প্রমত্ত হইয়া, প্রণয়-মত্ত সখ্যালিসঙ্গে।
বিলাস-বিনোদে, অনুদিন সুখে, বিহার করেন অতীব রঙ্গে॥
সেই মনোহর, রাধিকাসরসী, হউন আমার পরমাশ্রয়।
এ' আশা আমার, মরমের পুরে, নিয়ত কেবলি জাগিয়া রয়॥ ৮॥

৯। অবিকলমতি দেব্যাশ্চারু কুণ্ডাষ্টকং যঃ
পরিপঠতি তদীয়োল্লাসি-দাস্যার্পিতাত্মা।
অচিরমিহ শরীরে দর্শয়ত্যেব তস্মৈ
মধুরিপুরতিমোদৈঃ শ্লিষ্যমাণাং প্রিয়াং তাম্॥

শ্রীমতী রাধার, দাস্যে প্রাণ সঁপি', অবিকলমতি যে ধীরজন।
অতি মনোহর, কুণ্ডাষ্টক-গীতি, সম্যক্ পাঠে করেন যতন॥
মধুরিপু হরি, সেই সাধকের, শীঘ্র এই শরীরেই দরশন।
করাবে নিশ্চয়, আলিঙ্গিতা প্রিয়া, রাধিকারাণীর চরণ-ধন॥ ৯॥

ইতি শ্রীশ্রীরাধাকুণ্ডাষ্টকং সম্পূর্ণম্

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অথ শ্রীশ্রীরাধিকাষ্টকম্

১। রসবলিত-মৃগাক্ষী-মৌলিমাণিক্যলক্ষ্মীঃ
প্রমুদিত-মুরবৈরি-প্রেমবাপী-মরালী।
ব্রজবর-বৃষভানোঃ পুণ্যগীর্বাণবল্লী
স্বপয়তি নিজদাস্যে রাধিকা মাং কদা নু॥

অতি সুরসিকা মৃগাক্ষীগণের,
শিরোভূষামণি যিনি যতনের;
প্রমুদিত-শ্যাম-প্রেম-সরোবরে,
যে মরালী সুখে বিচরণ করে,
ব্রজশ্রেষ্ঠ বৃষভানু নরপতি
(তাঁ'র) পুণ্যকল্পলতা,—শ্রীরাধিকা সতী,
কবে নিজদাস্যে করাবে স্বপন?
এই আশা মোর প্রাণে অনুক্ষণ॥ ১॥

২। স্ফুরদরুণ-দুকূলদ্যোতিতোদ্যন্নিতম্ব-
স্থলমভি বরকাঞ্চী-লাস্যমুল্লাসয়ন্তী।
কুচকলস-বিলাস-স্ফীতমুক্তাসরশ্রীঃ
স্বপয়তি নিজদাস্যে রাধিকা মাং কদা নু॥

পরিধানে যাঁ'র রক্ত-পট্ট-বাস,
নিতম্বে শোভন কাঞ্চী পরকাশ,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নৃত্যকালে ক্ষুদ্র ঘণ্টিকার সারি,
দুলিয়া দুলিয়া বাজে মনোহারী,
কুচকুম্ভ 'পরে স্ফীত-মুক্তাহার,
রহে বিলম্বিত, শোভার আধার।
সেই রাধারাণী, কৃপায় আপন,
দাস্যরসে কবে, করাবে স্নপন॥ ২॥

৩। সরসিজবর-গর্ভাখর্বকান্তিঃ সমুদ্যৎ-
তরুণিম-ঘনসারাশ্লিষ্ট-কৈশোরসীধুঃ।
দরবিকসিত-হাসস্যন্দি-বিম্বাধরাগ্রা
স্নপয়তি নিজদাস্যে রাধিকা মাং কদা নু॥

দেহ-কান্তি পদ্ম-কর্ণিকা জিনিয়া,
সুচারু যাঁহার কৈশোর অমিয়া,—
হ'য়েছে যৌবন কর্পূরে মিলিত,
(যিনি) শ্রীরাধিকা নামে নিত্য পরিচিত।
আরক্ত-মধুর বিম্বাধর যাঁ'র,
মন্দ-হাস্য-শোভা করিছে বিস্তার,
সেই শ্রীরাধিকা কবে কৃপাবশে,
করাবেন স্নান, নিজ-দাস্য-রসে ? ৩॥

৪। অতি-চটুলতরং তং কাননান্তর্মিলন্তং
ব্রজনৃপতিকুমারং বীক্ষ্য শঙ্কাকুলাক্ষী।
মধুরমৃদুবচোভিঃ সংস্তুতা নেত্রভঙ্গ্যা
স্নপয়তি নিজদাস্যে রাধিকা মাং কদা নু॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কাননে আগত চপল শ্রীহরি,
আসিছে নিকটে, দরশন করি'—
শঙ্কায় আকুল যাঁহার নয়ন,
ভঙ্গী সহকারে করিছে নর্তন,—
তখন মৃদুল স্তুতি-বাক্য-দ্বারা,
মাধব সৎকারে যিনি আত্মহারা,
সেই রাধারাণী কবে কৃপাবশে,
করাবেন স্নান, মোরে দাস্য-রসে ? ৪ ॥

৫। ব্রজকুলমহিলানাং প্রাণভূতাঽখিলানাং
পশুপপতিগৃহিণ্যাঃ কৃষ্ণবৎ প্রেমপাত্রম্।
সুললিত-ললিতান্তঃ-স্নেহ-ফুল্লান্তরাত্মা
স্নপয়তি নিজদাস্যে রাধিকা মাং কদা নু ॥

ব্রজগোপীদের প্রাণের অধিকা,
প্রীতির পুতলী শ্রীমতী রাধিকা।
নন্দের গৃহিণী—রাণী যশোমতী,
স্নেহ করেন যাঁ'রে, কৃষ্ণতুল্য অতি।
সুললিত-দেহা ললিতা হিয়ার,
প্রেম-প্রমুদিত—অন্তরাত্মা যাঁ'র।
সেই শ্রীরাধিকা কবে এ' দাসীরে,
স্নান করাবেন, আত্মদাস্য-নীরে ? ৫ ॥

৬। নিরবধি সবিশাখা শাখি-যূথ-প্রসূনৈঃ
স্রজমিহ রচয়ন্তী বৈজয়ন্তীং বনান্তে।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অঘবিজয়িবরোরঃ-প্রেয়সী শ্রেয়সী সা
স্নপয়তি নিজদাস্যে রাধিকা মাং কদা নু ॥

বিশাখার সনে, যিনি ব্রজবনে,
তুলি' নানা জাতি সুরভি সুমনে,
বৈজয়ন্তী মালা করেন রচনা,
প্রাণনাথ কৃষ্ণে করিতে অর্চনা।
অঘারি হরির বক্ষোবিলাসিনী,
নিত্যকাল যিনি কল্যাণরূপিণী,
সেই শ্রীরাধিকা কবে এ' দাসীরে,
স্নান করাবেন, আত্ম-দাস্য-নীরে ? ৬ ॥

৭। প্রকটিত-নিজবাসং স্নিগ্ধবেণু-প্রণাদৈ-
র্দ্রুতগতি হরিমারাৎ প্রাপ্য কুঞ্জে স্মিতাক্ষী।
শ্রবণকুহরকণ্ডুং তন্বতী নম্রবক্ত্রা
স্নপয়তি নিজদাস্যে রাধিকা মাং কদা নু ॥

সুমধুর বংশী করিয়া বাদন।
জানাইলে হরি বসতি আপন ॥
মুরলীর কলতান অনুসারে।
উন্মাদিনী-প্রায় ব্যাকুল অন্তরে ॥
দ্রুতপদে ছুটে এসে কুঞ্জবনে।
ঈষৎ চাহিয়া সহাস-নয়নে ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অবনত-মুখে কর্ণকণ্ডুয়ন।
করিয়া বিস্তার, অধৈর্য্যে তখন॥
শ্রুতি-রসায়ন কৃষ্ণ-বাক্যামৃত।
পানতরে হ'ন যিনি পিপাসিত॥
সেই শ্রীরাধিকা কবে এ' দাসীরে।
করাবেন স্নান আত্মদাস্য-নীরে? ৭॥

৮। অমলকমলরাজি-স্পর্শি-বাত-প্রশীতে
নিজ-সরসি নিদাঘে সায়মুল্লাসিনীয়ম্।
পরিজনগণযুক্তা ক্রীড়য়ন্তী বকারিং
স্নপয়তি নিজদাস্যে রাধিকা মাং কদা নু॥

রাধাকুণ্ডে ফুল্ল অমল-কমল,—
পরশিয়া বহে বায়ু সুশীতল,
নিদাঘকালের সায়ংসময়,
পুলকিত মনে ল'য়ে সখীচয়,
বকারিরে সদা সেই কুণ্ড-জলে,
মাতায়েন যিনি ক্রীড়া-কুতূহলে,
সেই শ্রীরাধিকা কবে এ' দাসীরে,
করাবেন স্নান আত্মদাস্য-নীরে? ৮॥

৯। পঠতি বিমলচেতা মৃষ্ট-রাধাষ্টকং যঃ
পরিহৃত-নিখিলাশা-সন্ততিঃ কাতরঃ সন্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পশুপতিকুমারঃ কামমামোদিতস্তং
নিজজনগণ-মধ্যে রাধিকায়াস্তনোতি ॥

সর্ববিধ আশা পরিহার ক'রে,
যে' বিমলচেতা কাতর-অন্তরে,
পাঠ করে সদা রাধাষ্টক-সার,
সন্তুষ্ট হইয়া গোপেন্দ্রকুমার,
রাধা-দাসীকুলে দিয়া তাঁরে স্থান,
করেন বিধান চরম কল্যাণ ॥ ৯ ॥
ইতি শ্রীশ্রীরাধিকাষ্টকং সম্পূর্ণম্।

অথ শ্রীশ্রীনবাষ্টকম্

শ্রীশ্রীবৃন্দাবনেশ্বর্য্যৈ নমঃ

১। গৌরীং গোষ্ঠবনেশ্বরীং গিরিধরপ্রাণাধিকপ্রেয়সীং
স্বীয়প্রাণপরার্দ্ধপুষ্পপটলী-নির্ম্মঞ্ছ্যতৎপদ্ধতিম্।
প্রেম্ণা প্রাণবয়স্যয়া ললিতয়া সংলালিতাং নর্ম্মভিঃ
সিক্তাং সুষ্ঠু বিশাখয়া ভজ মনো রাধামগাধাং রসৈঃ ॥

যিনি নিজ অগণিত দিব্য প্রাণ-পুষ্প-উপহারে।
শ্যামের গমন-পথ, নির্মঞ্ছেন বিচিত্র প্রকারে ॥
প্রাণসখী ললিতার সুললিত প্রণয়-লালিতা।
বিশাখার সুমধুর নর্মবাণী-রসেতে সিঞ্চিতা ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

কনক-বরণী গৌরী, গোষ্ঠরাজ্য-বৃন্দাবনেশ্বরী।
গিরিধারী শ্রীহরির প্রিয়তমা পরান-ঈশ্বরী,
অগাধ রসবতী, মহাগুণবতী সতী,—
সেই শ্রীরাধার কমল-চরণ।
ওরে মন! ভজ অনুক্ষণ ॥ ১ ॥

২। স্বীয়প্রেষ্ঠসরোবরান্তিকবলৎকুঞ্জান্তরে সৌরভোৎ-
ফুল্লৎপুষ্প-মরন্দলুব্ধ-মধুপশ্রেণীধ্বনিভ্রাজিতে।
মাদ্যন্মন্মথরাজ্যকার্য্যমসকৃৎ সম্ভালয়ন্তীং স্মরা-
মাত্য-শ্রীহরিণা সমং ভজ মনো রাধামগাধাং রসৈঃ ॥

ফুল্ল-ফুল-মধুলোভে, মধুপেরা যেথায় গুঞ্জরে।
সেই প্রিয় কুণ্ডতটে, সুশোভন নিকুঞ্জ ভিতরে ॥
মন্মথ-রাজের মন্ত্রী, হরি-সনে যিনি অভিরাম।
কন্দর্প-রাজ্যের কার্য্য সম্পাদ্‌ন-পরা অবিরাম ॥
শৃঙ্গারাদি রসবতী, সে' অনন্তসদগুণশালিনী।
সকল প্রেয়সী-শ্রেষ্ঠা, কৃষ্ণপ্রেমে চির বিজয়িনী ॥
শ্রীরাধার কমল-চরণ।
ওরে মন! ভজ অনুক্ষণ ॥ ২ ॥

৩। কৃষ্ণাপাঙ্গতরঙ্গতুঙ্গিত-তরানঙ্গাসুরঙ্গাং গিরাং
ভঙ্গ্যা লঙ্গিমসঙ্গরে বিদধতীং ভঙ্গং নু তদ্রঙ্গিণঃ।
ফুল্লৎ-স্মেরসখীনিকায়নিহিতস্বাশীঃ সুধাস্বাদন-
লব্ধোন্মাদধুরোদ্ধুরাং ভজ মনো রাধামগাধাং রসৈঃ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যে চারু কৌতুকময়ী, পরিহাস-বচন-নিকরে।
নিবর্তিত করি' কামী গোবিন্দেরে, মদন-সমরে॥
গূঢ় হাস্যমুখী প্রিয়সখীদের, মহারসায়ন,—
নিজ অভিলাষোচিত, বাক্যামৃত করি আস্বাদন॥
উন্মাদ-গর্বিতা অতি, হ'তেছেন বিলাস-লীলায়।
নবীন, নবীনতম, অপরূপ মোহন শোভায়॥
সে' শৃঙ্গার-রসবতী, অনন্ত সদগুণা সতী,
কৃষ্ণ-প্রাণাধিকা রাধিকায়।
ভজ মন! সুদীন হিয়ায়॥ ৩॥

৪। জিত্বা পাশককেলি-সঙ্গরতরে নির্ব্বাদবিম্বাধরং
স্মিত্বা দ্বিঃ পণিতং ধয়ত্যঘহরে সানন্দগর্ব্বোদ্ধুরে।
ঈষচ্ছোণদৃগন্তকোণমুদয়দ্রোমাঞ্চকম্পস্মিতং
নিঘ্নন্তীং কমলেন তং ভজ মনো রাধামগাধাং রসৈঃ॥

"জয়ী হও যদি, করিও দু'বার মোর মুখচুম্বন"—
পাশক-কেলিতে, কানু-সনে রাই, করেছিলা এই পণ॥
ক্রীড়ারূপ মহাসমরনিকরে, চাতুর্য্যে পরাস্ত করি'।
হরষে গরবে, অবাধে রাধার, অধর চুম্বিলে হরি॥
কম্প-রোমাঞ্চে, মধুর হাসিয়া, ঈষৎ (রক্ত) কটাক্ষপাতে
মাধবে তাড়না কৈলা যে মাধবী-লীলা-সরসিজাঘাতে॥
সে' অগাধ রসবতী, কৃষ্ণপ্রেমময়ী সতী,
কানুবিমোহিনী রাধিকায়।
ভজ মন! সুদীন হিয়ায়॥ ৪॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৫। অংসে ন্যস্য করং পরং বকরিপোর্বাঢ়ং সুসখ্যোন্মদাং
পশ্যন্তীং নবকাননশ্রিয়মিমামুদ্যদ্বসন্তোদ্ভবাম্।
প্রীত্যা তত্র বিশাখয়া কিসলয়ং নব্যং বিতীর্ণং প্রিয়-
শ্রোত্রে দ্রাগ্দধতীং মুদা ভজ মনো রাধামগাধাং রসৈঃ

বকরিপু গোবিন্দের স্কন্ধদেশে রাখি' বাম করে।
তদীয় সুসখ্য-রসে সাতিশয় উন্মত্ত অন্তরে॥
নবীন বসন্তাগমে কাননের চারু-মনোরম।
অপূর্ব সম্পদ যিনি, করিছেন সুখে দরশন॥
বিশাখা সখীর সনে, যিনি হর্ষ-প্রীতিভরা প্রাণে।
অভিনব সুপল্লব প'রাতেছে মাধবের কাণে॥
সে' অশেষ রসময়ী রাধিকা-চরণ।
ভজ, ভজ সযতনে ওরে মোর মন! ৫॥

৬। মিথ্যাস্বাপমনল্পপুষ্পশয়নে গোবর্দ্ধনাদ্রের্গুহা-
মধ্যে প্রাগ্দধতো হরের্মুরলিকাং হৃত্বা হরন্তীং স্রজম্।
স্মিত্বা তেন গৃহীতকণ্ঠ-নিকটাং ভীত্যাপসারোৎসুকাং
হস্তাভ্যাং দমিতস্তনীং ভজ মনো রাধামগাধাং রসৈঃ॥

গোবর্ধন-গুহা-গৃহে, সুকোমল-কুসুম-শয্যায়।
লীলাময় কৃষ্ণ যবে, শুয়েছিলা কপট-নিদ্রায়॥
সে' সময়ে যিনি তাঁ'র, মুরলিকা করিয়া হরণ।
কণ্ঠের মালিকা নিতে, নিকটে করিলে আগমন॥
হাসিমুখে শ্যামশশী, কণ্ঠনিম্ন করিলে গ্রহণ।
পলায়নপরা যিনি, ভীতি আর সরমে পরম॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

(শেষে) নিজায়ত্ত কৈলা হরি, যাঁহার রুচির বক্ষঃস্থল।
সেই, অশেষ রসের খনি, শ্রীরাধার চরণকমল॥
ভজ ভজ ওরে মূঢ় মন!
অবিরত করিয়া যতন॥ ৬॥

৭। তূর্ণং গাঃ পুরতো বিধায় সখিভিঃ পূর্ণংবিশন্তং ব্রজে
ঘূর্ণদ্যৌবতকাঙ্ক্ষিতাক্ষি-নটনৈঃ পশ্যন্তমস্যা মুখম্।
শ্যামং শ্যামদৃগন্ত-বিভ্রমভরৈরান্দোলয়ন্তীতরাং
পদ্মাম্লানিকরোদয়াং ভজ মনো রাধামগাধাং রসৈঃ॥

সখাদের সনে শীঘ্র, গাভীদলে রাখিয়া সম্মুখে।
যুবতীকুলের কাম্য,—নেত্র-ঘূর্ণা প্রকাশি' কৌতুকে॥
দেখিতে দেখিতে রাধার, মনোহর কমল-আনন।
বৈকালে যখন কৃষ্ণ, নন্দ-ব্রজে করে আগমন॥
তখন চঞ্চল শ্যাম, দৃগন্তের মধুর বিভ্রমে।
চ/ তুপলিত বশীভূত,—করে যিনি শ্যাম প্রিয়তমে॥
অতুলন কৃষ্ণ-প্রেম-ভাগ্য যাঁর করি' দরশন।
চন্দ্রা-প্রিয়সখী পদ্মা, ম্লানিমায় সদা নিমগন॥
শৃঙ্গারাদি রসবতী, ব্রজ-নারী-রত্ন সতী,—
সেই শ্রীরাধার রাতুল চরণ।
ভজ ভজ ওরে মোর মন! ৭॥

৮। প্রোদ্যৎ-কান্তিভরেণ বল্লববধূতারাঃ পরার্দ্ধাৎ পরাঃ
কুর্ব্বাণাং মলিনাঃ সদোজ্জ্বলরসে রাসে লসন্তীরপি।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

গোষ্ঠারণ্য-বরেণ্য-ধন্য-গগনে গত্যানুরাধাশ্রিতাং
গোবিন্দেন্দুবিরাজিতাং ভজ মনো রাধামগাধাং রসৈঃ ॥

রাস-রস-ক্রীড়া-স্থলে, শোভে যাঁ'রা বিচিত্র শোভায়।
সেই গোপ-বধূ-তারাগণে, নিজ দিব্য উজ্জ্বল প্রভায় ॥
ম্লান করি' যিনি ধন্য, গোষ্ঠারণ্য-বরেণ্য গগনে।
অনুরাধা রূপে রাজে, প্রাণনাথ গোবিন্দেন্দু সনে ॥
সেই অনন্ত সদ্‌গুণবতী, শৃঙ্গারাদি রসোপলক্ষিতা—
ব্রজ-গোপী-শিরোমণি, ধন্যতমা মাধবদয়িতা—
কৃপাময়ী শ্রীরাধার রাতুল চরণ।
প্রীতিভরে অবিরত ভজ ওরে মন ! ৮ ॥

প্রীত্যা সুষ্ঠু নবাষ্টকং পটুমতির্ভূমৌ নিপত্য স্ফুটং
কাকা গদ্‌গদনিস্বনেন নিয়তং পূর্ণং পঠেদ্ যঃ কৃতী।
ঘূর্ণন্মত্ত-মুকুন্দভৃঙ্গবিলসদ্রাধাসুধাবল্লরীং
সেবোদ্রেকরসেন গোষ্ঠবিপিনে প্রেম্ণা স তাং সিঞ্চতি ॥

(মধুর-) বিলাস-শালিনী অমৃতরূপিনী, বৃন্দাবনে রাজে বিচিত্রলতা।
প্রণয়-বিভোর, শ্রীকৃষ্ণ-ভ্রমর, মাতালের মতো ঘুরিছে তথা ॥
সে' সুধা-বল্লরী,— শ্রীরাধাসুন্দরী, সিঞ্চিতা তাঁ'রই সেবন-রসে।
যেই কৃতী জনে, এ' স্তুতি পঠনে, যত্নপর-সদা পীরিতিবশে ॥
অর্থবোধ ক'রে, দৈন্য-কাকু-ভরে, স্থির বুদ্ধিতে ভূমিতে প'ড়ে।
গদগদ স্বরে,যে'বা পাঠ, করে,শ্রীজীর করুণা পায় সে' নরে। ৯

ইতি নবাষ্টকং সম্পূর্ণম্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অথ শ্রীশ্রীমুকুন্দাষ্টকম্

শ্রীশ্রীমুকুন্দায় নমঃ

১। বলভিদুপলকান্তিদ্রোহিণি শ্রীমদঙ্গে
ঘুস্থণ-রসবিলাসৈঃ সুষ্ঠু গান্ধর্ব্বিকায়াঃ।
স্বমদন-নৃপশোভাং বর্দ্ধয়ন্ দেহরাজ্যে
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ॥

ইন্দ্রনীলমণি-নিন্দিত লাবণি,—শোভিত ললিত-অঙ্গে,
কুঙ্কুম-রসের বিচিত্র বিলাস, করিয়া ধারণ রঙ্গে;
তা'র দ্বারা যিনি শ্রীমতী রাধার, দেহরাজ্যে অনুপম,
স্ব-মদনরাজের সুষমা সম্যগ্, করিছেন সুবর্ধন,—
সেই রাধা-প্রাণধন, শ্রীমুকুন্দ মম, নয়ন-অভীষ্টচয়,
করুন পূরণ, হ'য়ে সকরুণ, এই বাঞ্ছা সদা রয়। ১॥

২। উদিতবিধু-পরার্দ্ধ-জ্যোতিরুল্লঙ্ঘি-বক্ত্রো
নব-তরুণিম-রজ্যদ্বাল্যশেষাতি-রম্যঃ।
পরিষদি ললিতালীং দোলয়ন্ কুণ্ডলাভ্যাং
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ॥

গগনে উদিত, বিধু অগণিত, জ্যোতির্ময় সুন্দর,—
জিনিয়া যাঁহার, শোভার আধার, শ্রীবদন মনোহর।
নবীন যৌবন, করি' আগমন, বাল্যের শেষে যাঁ'র—
প্রতি অঙ্গে অঙ্গে, লাবণ্যতরঙ্গে, খেলিছে চমৎকার।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

যা'র শ্রবণের মকর কুণ্ডল, মনোরম সুষমায়।
সখী-পরিষদে করে সুচঞ্চল, ললিতালী রাধিকায়॥
সেই রাধা-প্রাণধন, শ্রীমুকুন্দ মম, নয়ন-অভীষ্টচয়।
পূরণ করুন, হ'য়ে সকরুণ, এই বাঞ্ছা সদা রয়॥ ২॥

৩। কনক-নিবহ-শোভানিন্দি পীতং নিতম্বে
তদুপরি নবরক্তং বস্ত্রমিত্থং দধানঃ।
প্রিয়মিব কিল বর্ণং রাগযুক্তং প্রিয়ায়াঃ
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ॥

কনক-নিন্দিত, বসন সুপীত, পরি' যিনি কটিভাগে।
আর তদুপরি, অরুণ উত্তরী, পরেছেন অনুরাগে॥
যেন আপনার, পরাণ প্রিয়ার, রক্তিম রাগময়,—
—প্রিয়বর্ণসম, করিছে ধারণ, মনে এই বোধ হয়।
এমন মোহন, মুকুন্দ কখন্, দিয়া নিজ দরশন,
নেত্রাভীষ্ট মম, করিবে পূরণ, আশা করি অনুক্ষণ। ৩॥

৪। সুরভি-কুসুম-বৃন্দৈর্বাসিতাম্ভঃসমৃদ্ধে
প্রিয়সরসি নিদাঘে সায়মালীপরীতাম্।
মদনজনক-সেকৈঃ খেলয়ন্নেব রাধাং
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ॥

যিনি গ্রীষ্মকালে, সন্ধ্যার প্রাক্কালে, সুরভি শ্রীকুণ্ডজলে,—
সখীসুবেষ্টিতা, পরাণ-দয়িতা, রাধা-সনে কুতূহলে॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

মদন-জনক, সলিল-উৎসেক, বিহার-বিনোদে রত।
সেই শ্রীমুকুন্দ, পূরণ করুন, আঁখির অভীষ্ট যত। ৪ ॥

৫। পরিমলমিহ লব্ধ্বা হন্ত গান্ধর্ব্বিকায়াঃ
পুলকিত-তনুরুচ্চৈরুন্মদস্তৎক্ষণেন।
নিখিল-বিপিন-দেশাদ্বাসিতানেব জিঘ্রন্
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ ॥

রাধাঙ্গ-সৌরভ, করি' অনুভব, তখনই উন্মত্ত-প্রাণে,—
তদীয় অঙ্গের, গন্ধে সুবাসিত, নিখিল-বিপিন স্থানে;
রোমাঞ্চ শরীরে, ঘুরে' ঘুরে, ফিরে, লয়েন যিনি আঘ্রাণ,—
সে' মুকুন্দ মম, তৃষিত-নয়ন-অভীষ্ট করুন দান। ৫ ॥

৬। প্রণিহিত-ভুজদণ্ডঃ স্কন্ধদেশে বরাঙ্গ্যাঃ
স্মিত-বিকসিত-গণ্ডে কীর্ত্তিদা-কন্যকায়াঃ।
মনসিজ-জনি-সৌখ্যং চুম্বনেনৈব তন্বন্
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ ॥

কীর্তিদা-কুমারী, পরাণ পিয়ারী (শ্রী)রাধার কাঁধের 'পরে,—
যিনি নিজ করে, রাখিয়া আদরে, (তাঁর) হাসিমাখা গণ্ডাধরে;
মধুর চুম্বন, করি' বরিষণ, মদন-আনন্দে ভোর,—
সেই শ্রীমুকুন্দ করুন পূরণ, আঁখির অভীষ্ট মোর ॥ ৬ ॥

৭। প্রমদদনুজ-গোষ্ঠ্যাঃ কোঽপি সম্বর্ত্তবহ্নি-
র্ব্রজভুবি কিল পিত্রোর্মূর্ত্তিমান্ স্নেহপুঞ্জঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

প্রথম-রসমহেন্দ্রঃ শ্যামলো রাধিকায়াঃ
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ ॥

প্রমদ-দনুজ-গোষ্ঠীতে যিনি, প্রলয়-অনল-সম।
পিতা নন্দরাজ, মাতা যশোদার, (মূর্ত্তিমান) স্নেহ-পুঞ্জ অনুপম ॥
শ্রীমতী শ্যামার, আদি রসরাজ, শ্যামল কান্তিময়,—
(সেই) মুকুন্দ কখন্, করিবে পূরণ, (.মার) নয়ন-অভীষ্টচয় ? ৭ ॥

৮। স্বকদন-কথয়াঙ্গীকৃত্য মৃদ্বীং বিশাখাং
কৃতচটু ললিতান্তু প্রার্থয়ন্ প্রৌঢ়শীলাম্।
প্রণয়বিধুর-রাধামান-নির্ব্বাসনায়
প্রণয়তু মম নেত্রাভীষ্ট-পূর্ত্তিং মুকুন্দঃ ॥

প্রেম-কোপবশে, শ্রীমতী রাধিকা, মহামানবতী হ'লে,—
আপনার মনোবেদন-কাহিনী, মৃদ্বী বিশাখারে ব'লে,
পরমপ্রখরা, ললিতারে যিনি, বহুবিধ চাটুভাষে।
করেন মিনতি, প্রাণপ্রেয়সীর, মান-ভঞ্জনের আশে ॥
সেই প্রেমঘন, মুকুন্দ কখন, নিজ দরশন দানে,
আমার নয়ন-অভীষ্ট-পূরণ, করিবে কৃপার্দ্র প্রাণে ॥ ৮ ॥

৯। পরিপঠতি মুকুন্দস্যাষ্টকং কাকুভির্যঃ
স্ফুটমিহ বিষয়েভ্যঃ সংনিয়ম্যেন্দ্রিয়াণি।
ব্রজনবযুবরাজো দর্শয়ন্ স্বং সরাধং
স্বজন-গণন-মধ্যে তং প্রিয়ায়াস্তনোতি ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নিখিল-বিষয়-আসঙ্গ হইতে, ইন্দ্রিয় সংযত ক'রে,
শ্রীরাধামুকুন্দে, পরাণ সঁপিয়া, সদৈন্যে, কাতরস্বরে।
মুকুন্দ-অষ্টক, যে' পড়ে যতনে, ব্রজনবযুবরাজ,
রাধিকা সহিত, দরশন দানে, প্রিয়ার স্বজন-মাঝ,—
করিয়া অঙ্গীকার,—পূরাবেন আশা তাঁর ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীমুকুন্দাষ্টকং সম্পূর্ণম্।

অথ শ্রীশ্রীনবযুবদ্বন্দ্ব-দিদৃক্ষাষ্টকম্

শ্রীশ্রীনবযুবরাজায় নমঃ

১। স্ফুরদমলমধুলী-পূর্ণরাজীবরাজ-
ন্নবমৃগমদগন্ধ-দ্রোহি-দিব্যাঙ্গ-গন্ধম্।
মিথ ইত উদিতৈরুন্মাদিতান্তর্বিঘূর্ণদ্
ব্রজভুবি নবযূনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে ॥

নিরমল মধুপূর্ণ কমল-ভিতর,
নব মৃগমদ যদি রহে, নিরন্তর,
সুবাস ছড়ায় তা'র অতি চমৎকার,
কিন্তু তা'-ও অঙ্গগন্ধে করি' তিরস্কার,—
ব্রজমাঝে নিজেদের উদয়ে দু'জন,
যাঁ'রা অতি উন্মাদিত, আন্দোলিত মন,—
মোহন নবীন নেই যুগলরতনে।
ব্রজধামে দরশনে বাঞ্ছা করি মনে ॥ ১ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

২। কনকগিরি-খলোদ্যৎ-কেতকীপুষ্পদীব্য-
ন্নবজলধর-মালাদ্বেষি-দিব্যোরু-কান্ত্যা।
শবলমিব বিনোদৈরীক্ষয়ৎ স্বং মিথস্তদ্
ব্রজভুবি নবযূনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে ॥

কনক-গিরিতে জাত কেয়া-ফুলবালা
সাথে খেলা করি' শোভে নব মেঘমালা,—
সে সুষমা-খর্ব্বকারী সুদিব্য কাঁতিতে,
যাঁ'রা নিত্য শোভমান অতুল ভাতিতে,
পরস্পর ক্রীড়ামোদে মিলিতের ন্যায়,
দেখান সতত যাঁরা, মধুর লীলায়,
রাধাকৃষ্ণরূপ সেই যুগলরতনে,
ব্রজধামে দরশনে, বাঞ্ছা করি মনে ॥ ২ ॥

৩। নিরুপম-নবগৌরী-নব্য-কন্দর্পকোটি-
প্রথিত-মধুরিমোর্ম্মি-ক্ষালিত-শ্রীনখান্তম্।
নব-নব-রুচিরাগৈর্হৃষ্টমিষ্টৈর্মিথস্তদ্
ব্রজভুবি নবযূনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে ॥

নিরুপমা নবগৌরী, (নব্য) কোটি অনঙ্গের,
সুবিখ্যাত মধুরিম ঊর্ম্মিসমূহের,
সুধৌত নির্ম্মলীকৃত, সুষমানিচয়,
যাঁহাদের নখপ্রান্তে অন্তপ্রাপ্ত হয় ;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

নব নব রম্য রুচি অনুরাগচয়ে,
হর্ষ লভিছেন যাঁ'রা আপন হৃদয়ে,
রাধাকৃষ্ণরূপ সেই যুগলরতনে,
ব্রজধামে দরশনে, বাঞ্ছা করি মনে ॥ ৩ ॥

৪। মদন-রস-বিঘূর্ণন্নেত্র-পদ্মান্ত-নৃত্যৈঃ
পরিকলিতমুখেন্দু হ্রীবিনম্রং মিথোঽন্যৈঃ।
অপি চ মধুরবাচং শ্রোতুমাবর্দ্ধিতাশং
ব্রজভুবি নবযূনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে ॥

কাম-রসে বিঘূর্ণিত নেত্র-পদ্মান্তের,
ঈষৎ নর্তনে মুখ-চন্দ্রে যাঁহাদের,
হ'তেছে সলজ্জ নম্র রম্য ভাবোদয়,—
পরস্পর দু'জনেরি বাণী মধুময়,
শ্রবণ-বাসনা ধ'রে চিত্তে অতিশয়,—
নবীন-নবীনা যেই যুবরত্নদ্বয়,—
দর্শন তাঁদের কবে পাবো ব্রজবনে,
জাগিতেছে অবিরত বাঞ্ছা মোর মনে ॥ ৪ ॥

৫। স্মরসমর-বিলাসোদ্গারমঙ্গেষু রঙ্গৈ-
স্তিমিত-নবসখীষু প্রেক্ষমাণাসু ভঙ্গ্যা।
স্মিত-মধুর-দৃগন্তৈ হ্রীণ-সংফুল্ল-বক্ত্রং
ব্রজভুবি নবযূনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

হর্ষাকুলা সখীসব ভঙ্গী সহকারে,—
সুমধুর হাসিমাখা কটাক্ষ সঞ্চারে,—
স্মর-বিলাসের চিহ্ন করিলে দর্শন,
লজ্জাযুক্ত সুপ্রফুল্ল যাঁ'দের বদন,
রাধাকৃষ্ণরূপ সেই যুগল-রতনে,
ব্রজবনে দরশনে, বাঞ্ছা করি মনে ॥ ৫ ॥

৬। মদন-সমরচর্য্যাচার্য্যমাপূর্ণ-পুণ্য-
প্রসর-নববধূভিঃ প্রার্থ্য-পাদানুচর্য্যম্।
সমররসিকমেকপ্রাণমন্যোহন্য-ভূষং
ব্রজভুবি নবযূনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে ॥

বরজে বিলসে যেই যুগল-রতন,
মদন-সমর-চর্য্যার আচার্য্য দু'জন,—
পরস্পর একতনু, এক মনোপ্রাণ,—
সমর-রসিক—তাঁ'রা, একই সমান।
পূর্ণ পুঞ্জ-পুণ্যবতী নববধূগণ,
যাঁ'দের পাদানুচর্য্যা করেন প্রার্থন।
যাঁ'রা দোঁহে, দোঁহাকার ভূষণ সুন্দর,
নবীন নবীনা সেই অতি মনোহর,—
রাধাকৃষ্ণরূপ দিব্য যুগলরতনে।
ব্রজবনে দরশনে বাঞ্ছা করি মনে ॥ ৬ ॥

৭। তট-মধুর-নিকুঞ্জে শ্রান্তয়োঃ শ্রীসরস্যাঃ
প্রচুরজলবিহারৈঃ স্নিগ্ধবৃন্দৈঃ সখীনাম্।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

উপহৃত-মধুরঙ্গৈঃ পায়য়ত্তন্মিথস্তে-
ব্রজভুবি নবযূনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে ॥

শ্রীকুণ্ডেতে সুপ্রচুর সলিল-বিহারে,
ক্লান্তিবশে তটবর্তী নিকুঞ্জ ভিতরে,
অতি স্নিগ্ধা সখীদের রঙ্গভঙ্গীকৃত,—
প্রীতি-উপহৃত মধু, পেয়ে হ'য়ে প্রীত,
যে দু'জনে পরস্পরে, একে অন্য জনে,
পান ক'রাতেছে তাহা সখীগণ সনে,
সেই নব যুবরত্ন, শ্যামা আর শ্যামে,
দর্শনের বাঞ্ছা কার, এই ব্রজধামে ॥ ৭ ॥

৮। কুসুমশর-রসৌঘ-গ্রন্থিভিঃ প্রেমদাম্না
মিথ ইহ বশবৃত্ত্যা প্রৌঢ়য়াদ্ধা নিবদ্ধম্।
অখিল-জগতি-রাধামাধবাখ্যা-প্রসিদ্ধং
ব্রজভুবি নবযূনোর্দ্বন্দ্বরত্নং দিদৃক্ষে ॥

ব্রজভূমে কন্দর্পের শৃঙ্গার রসের,—
আচার্য্য সকল দৃঢ়রূপে যাঁহাদের,
বাঁধিয়াছে প্রেম-ডোরে সুচারু বন্ধনে,—
'রাধা-মাধব' নামে যাঁরা প্রসিদ্ধ ভুবনে,
নবযুবদ্বন্দ্বরত্ন,—সেই শ্যামা-শ্যামে,
দর্শনের বাঞ্ছা করি, এই ব্রজধামে ॥ ৮ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৯। প্রণয়-মধুরমুচ্চৈর্ব্যযূনোর্দিদৃক্ষা-
ষ্টকমিদমতিযত্নাদ্ যঃ পঠেৎ স্ফার-দৈন্যৈঃ।
স খলু পরমশোভা-পুঞ্জ-মঞ্জু প্রকামং
যুগলমতুলমক্ষ্ণোঃ সেব্যমারাৎ করোতি ॥

প্রীতি-সুমধুর নব-দিদৃক্ষা-অষ্টক,
যত্নে, প্রেমে, দৈন্যার্তিতে পড়ে যে সাধক,
পরম সুষমা-পুঞ্জে মঞ্জু মনোহর,
অতুল যুগল শ্যামা-শ্যামেরে সত্বর,
আঁখিযুগে অবশ্যই করিয়া দর্শন,
লভিবে সেবনানন্দে, অভীষ্ট-রতন ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীনবযুবদ্বন্দ্বদিদৃক্ষাষ্টকম্ সম্পূর্ণম্।

অথ অভীষ্টপ্রার্থনাষ্টকম্

১। কদা গোষ্ঠে গোষ্ঠক্ষিতিপ-গৃহদেব্যা কিল তয়া
সবাষ্পং কুর্ব্বত্যা বিলসতি সুতে লালনবিধিম্।
মুহুর্দ্বষ্টাং রোহিণ্যপিহিতনিবেশামবনতাং
নিষেবে তাম্বূলৈরহমপি বিশাখা-প্রিয়সখীম্ ॥

গোষ্ঠরাজ-গৃহদেবী, স্নেহ-নিবন্ধন,
সাশ্রুনেত্রে ক্রীড়ারত কৃষ্ণের লালন,
করিতে করিতে যাঁ'রে, ঔৎসুক্যে অপার,
দেখিছেন প্রীতিপূর্ণ নেত্রে বারংবার।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরম উৎকণ্ঠাভরে করিতে দর্শন,
রোহিণী প্রবেশ দ্বারা কৈলে আবরণ,
আনত আননে যিনি আছেন লজ্জায়,
বিশাখার প্রিয়সখী সেই শ্রীরাধায়,
তাম্বুলবীটিকা দানে করিব সেবন,
কবে ব্রজে ভাগ্য মোর হবে বা এমন ? ॥ ১ ॥

২। কদা গান্ধর্ব্বায়াং শুচি বিরচয়ন্ত্যাং হরিকৃতে
মুদা হারান্ বৃন্দৈঃ সহ সবয়সামাত্মসদনে।
বিচিত্য শ্রীহস্তে মণিমিহ মুহুঃ সম্পুটচয়া
দহো বিন্যস্যন্তী সফলয়তি সেয়ং ভুজলতাম্ ॥

আনন্দে গান্ধর্বা যবে সখীগণ সনে,
হরি তরে চারুহার রচে স্বভবনে,
সে' সময়ে এই দাসী, সম্পুট-ভিতরে,
নিরমল মণিরাজি অন্বেষণ ক'রে,
শ্রীরাধার করে তাহা দিয়া বারংবার,
কবে নিজ ভুজ ধন্য করিবে তাহার ? ২ ॥

৩। কদা লীলারাজ্যে ব্রজবিপিনরূপে বিজয়িনী
নিজং ভাগ্যং সাক্ষাদিহ বিদধতী বল্লভতয়া।
সমন্তাৎ ক্রীড়ন্তী পিক-মধুপ-মুখ্যাভিরভিতঃ
প্রজাভিঃ সংজুষ্টা প্রমদয়তি সা মাং মদধিপা ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

ব্রজবনরূপ প্রেম-লীলা-রাজ্যে যিনি,
একছত্র আধিপত্যে চিরবিজয়িনী।
কৃষ্ণপ্রিয়তমা বলি' ভাগ্যটি আপন,
প্রাণ অপেক্ষাও যাঁর পীরিতিভাজন॥
কোকিল-মধুপ আদি নিজ প্রজাদলে।
মিলি' যিনি ক্রীড়ারতা হর্ষ-কুতূহলে॥
(সেই) মদধিপা শ্রীরাধিকা কবে ব্রজধামে।
সুখী করিবেন মোরে, প্রেম-সেবা দানে ? ৩॥

৪। কদা কৃষ্ণাতীরে ত্রিচতুর-সখীভিঃ সমমহো
প্রসূনং গুম্ফন্তীং রবিসখসুতামানততয়া।
সমেত্য প্রচ্ছন্নং সপদি পরিরিপ্সোবকরিপো-
র্নিষেধে ভ্রূভঙ্গাং ভৃশমনুভজেঽহং ব্যজনিনী॥

কৃষ্ণা-তীরে দুই চারি বয়স্যার সনে,
ফুল গাঁথিছেন যবে, আনতবদনে,
হেনকালে গুপ্তভাবে আসিয়া সেখানে,
ইচ্ছা প্রকাশিলে হরি, আলিঙ্গন দানে,
অতিশয় মনোরম ভ্রূভঙ্গীর ভরে,
নিষেধ করিছে যিনি কান্ত গিরিধরে,
সে' সময় কবে করি' চামর গ্রহণ,
সেই বার্ষভানবীরে করিব বীজন ? ৪॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৫। কদা শুভ্রে তস্মিন্‌:পুলিনবলয়ে রাসমহসা
সুবর্ণাঙ্গী-সঙ্ঘেষ্বহমহমিকা-মত্তমতিষু।
হরৌ যাতে নীলোপলনিকষতাং জিত্বরগুণাদ্-
গুণাদস্মান্ দিব্যদ্রবিণমিব রাধা মদয়তি॥

কর্পূরধূলির মত শুভ্র-নিরমল,
যমুনা-পুলিনে শোভে শ্রীরাসমণ্ডল ;
সেই স্থানে সুবর্ণাঙ্গী গোপিকা সকলে,
'আমিই রূপসী' বলি' গর্বে মত্তা হ'লে,—
তখন শ্রীমাধবের নীলোৎপল অঙ্গ,
নিকষ-পাষাণ সম প্রকাশিল রঙ্গ ;
স্বর্ণকার স্বর্ণরাশি করিয়া গ্রহণ,
নিকষ পাথরে যথা করে পরীক্ষণ,
সেইরূপ রসরঙ্গে নিজ আলিঙ্গনে,
পরখ করিয়া কৃষ্ণ, কনকাঙ্গীগণে,
'রাধা' নাম্নী সুবিখ্যাতা যে হেমগৌরীতে,
পরম আসক্ত হৈলা উত্তমা বুদ্ধিতে ;—
কবে তিনি অতুলন রূপের প্রভায়,
নিয়ত বিজয়শীল প্রেম-মহিমায়,—
নিরূপম দিব্য মহানিধির সমান,
করিবেন মোরে চির আনন্দ প্রদান ? ৫॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৬। কদা ভাণ্ডীরস্থ প্রথিতরুচিরোৎসঙ্গনিলয়ে
বরামধ্যাসীনাং কুসুমময়তূলীমতুলিতাম্।
প্রিয়ে চিত্রং পত্রং লিখতি নিহিতস্বাঙ্গ-লতিকাং
বিশাখাপ্রাণালীং ভজতি দিশতী বর্ণকমসৌ

ভাণ্ডীর বটের খ্যাত, মনোজ্ঞ-সদনে,
নিরুপম পুষ্পময় তূলিকা-আসনে,
সুখে সমাসীনা যিনি বিচিত্র ভঙ্গীতে,
কৃষ্ণ যবে চিত্র-পত্র থাকেন রচিতে।
তখন নিজাঙ্গ-লতা রাখি' অঙ্গে তাঁর,
বিস্তার করেন যিনি শোভা চমৎকার,—
বিশাখার প্রাণসখী সেই প্যারীজীর,
সেবন-সৌভাগ্য কবে মিলিবে দাসীর ?
নানাবিধ 'বর্ণক' দিয়া কৃষ্ণ-করে,
কবে আমি মগ্না হ'ব সুখের সাগরে ? ৬ ॥

৭। কদা তুঙ্গে তুঙ্গে রহসি গিরিশৃঙ্গে ব্রততিজান্
প্রিয়ে পূর্ব্বা লীলা নিগময়তি সংস্তাব্য নিলয়ান্।
মদেনাবিস্পষ্টাং শকলিতপদাং ব্রীড়িততয়া
দ্রুতামৌৎক্যেনৈষা বিরচয়তি পৃচ্ছাং মম পুরঃ ॥

গোবর্ধন-পর্বতের অত্যুচ্চ নির্জন,—
প্রদেশে রাজিছে লতাগৃহ সুশোভন ;

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

শ্রীগোবিন্দ সেগুলির করি' প্রশংসন,
পূর্বলীলা শ্রীরাধারে করিলে জ্ঞাপন,
কবে ভাবাকুলা রাই মুগ্ধার ন্যায়,
অস্পষ্ট খণ্ডিতপদে,—লজ্জা-উৎকণ্ঠায়,
প্রশ্ন করিবেন মোরে বিগত বিষয়ে,
অতিশয় ত্বরাভরে, কর্ণে লগ্না হ'য়ে ? ৭ ॥

৮। গতির্যন্মে নিত্যা যদখিলমপি স্বং সবয়সাং
মদীশ্বর্য্যাঃ প্রেষ্ঠ-প্রণয়কৃত-সৌভাগ্য-বরিমা।
হরের্যৎ প্রেমশ্রীর্নিবসতিরমুষ্যাস্তুলনয়া
সদা তস্মিন্ কুণ্ডে লসতু ললিতালী মম দৃশি ॥

মাদৃশ সুদীনা দাসীর নিত্যগতি যিনি,
বয়স্যাদলের অখিল ধনস্বরূপিণী,
মদীশ্বরীর প্রিয়তম গোবিন্দদেবের,
প্রীতি-সম্পাদিত শ্রেষ্ঠতম সৌভাগ্যের,
মহিমা-মূরতি যিনি, শ্রীরাধারি মত,
হরির প্রণয়শ্রীর, আধার সতত ;
সে, ললিতাসখী, ঈশাকুণ্ডের নিকট,
আমার নয়ন-পথে হউন প্রকট ॥ ৮ ॥

অথবা—

মাদৃশ সুদীনা দাসীর নিত্যগতি যিনি,
বয়স্যাকুলের অখিলধনস্বরূপিণী,

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

আমার ঈশ্বরী সেই শ্রীমতী রাধার,
কৃষ্ণপ্রীতি-সৌভাগ্যের গৌরব-আধার,—
মহিমা-মূরতি যিনি, প্যারীজীরই মত,
হরির প্রণয়শ্রীর বসতি সতত,
সেই ঈশাসরোবরে ললিতালী রাই,
নয়নগোচর হউন, এই সদা চাই ॥ ৮ ॥

ইত্যভীষ্টপ্রার্থনাষ্টকং সম্পূর্ণম্।

অথ শ্রীশ্রীদাননির্ব্বর্ত্তনকুণ্ডাষ্টকম্

শ্রীশ্রীদাননির্ব্বর্ত্তনকুণ্ডায় নমঃ

১। স্বদয়িত-গিরিকচ্ছে গব্যদানার্থমুচ্চৈঃ
কপট-কলহকেলিং কুর্ব্বতোর্ব্যযূনোঃ।
নিজজনকৃত-দর্পৈঃ ফুল্লতোরীক্ষকেঽস্মিন্
সরসি ভবতু বাসো দাননির্ব্বর্ত্তনে নঃ ॥

স্ব-দয়িত গোবর্ধন-গিরি-প্রান্ত-দেশে,
যে দু'জনে গব্যাদির শুল্ক ব্যপদেশে,
কপট কলহ-কেলি করিয়া প্রচুর,
(নিজ) নিজ-জন দর্পে হর্ষ লভিছে মধুর।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

এমন নবীনা রাই কানুকে নবীন,
দরশন করে যেই কুণ্ড চিরদিন,—
সেই 'দান নির্বর্তনে' আমাদের বাস,
হউক সতত, এই করি অভিলাষ ॥ ১ ॥

২। নিভৃতমজনি যস্মাদ্দাননিবৃত্তিরস্মি-
ন্নত ইদমভিধানং প্রাপ যত্তৎসভায়াম্।
রসবিমুখ-নিগূঢ়ে তত্র তজ্জৈকবেদ্যে
সরসি ভবতু বাসো দাননির্ব্বর্ত্তনে নঃ ॥

দান-লীলা হ'য়েছিল যে' নিভৃত স্থলে,
সেথা দান-সভা-মাঝে সভ্যেরা সকলে,
দিয়েছে যাহার নাম 'দাননির্বর্তন'—
রসবিমুখের কাছে চির সুগোপন।
বৃন্দাবনবাসী যত রসিক জনের,
একমাত্র বেদ্য আর, নিত্য আদরের।
(সেই) 'দাননির্বর্তন কুণ্ডে' আমাদের বাস,
হউক সতত, এই করি অভিলাষ ॥ ২ ॥

৩। অভিনব-মধুগন্ধোন্মত্ত-রোলম্ব-সঙ্ঘ-
ধ্বনিললিত-সরোজব্রাত-সৌরভ্যশীতে।
নব-মধুর-খগালীক্ষ্বেলি-সঞ্চারকম্রে
সরসি ভবতু বাসো দাননির্ব্বর্ত্তনে নঃ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

অভিনব মধুগন্ধে মত্ত মধুকর—
গুঞ্জনে মনোজ্ঞ যেথা কমলনিকর,—
মধুর সুরভিময় আর সুশীতল।
বিবিধ সুন্দর খগকুলের ক্রীড়ায়,
যেস্থান শোভিছে মনোহর সুষমায়।
সেই দান সরোবরে আমাদের বাস,
লাভ হোক, মনে সদা এই অভিলাষ ॥ ৩ ॥

৪। হিম-কুসুম-সুবাস-স্ফার-পানীয়পূরে
রস-পরিলসদালীশালিনোর্ব্যযূনোঃ।
অতুল-সলিলখেলা-লব্ধ-সৌভাগ্যফুল্লে
সরসি ভবতু বাসো দাননির্ব্বর্ত্তনে নঃ ॥

যাহা হিম-সুশীতল, কুসুম-বাসিত,
স্বাদু-স্বচ্ছ-নিরমল পানীয়-পূরিত,
সখীকুল-পরিবৃত, শোভন-শৃঙ্গার,—
নবীন কিশোর শ্যাম, নবীনা শ্যামার,—
অতুল সলিল-খেলা সৌভাগ্য লভিয়া,
নিয়ত বিরাজে অতি প্রফুল্ল হইয়া,—
সেই দানসরোবরে আমাদের বাস,
অবশ্য হউক লাভ,—এই অভিলাষ ॥ ৪ ॥

৫। দরবিকসিত-পুষ্পৈর্বাসিতান্তর্দিগন্তাঃ
খগ-মধুপ-নিনাদৈর্মোদিত-প্রাণিজাতাঃ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

পরিত উপরি যস্য ক্ষ্মারুহা ভান্তি তস্মিন্
সরসি ভবতু বাসো দাননির্ব্বর্ত্তনে নঃ ॥

তীরদেশ শোভকারী তরুরাজি যা'র,—
আধফোটা কুসুমের সৌরভে অপার,
দিগ্‌দিগন্তেরে সদা করে আমোদিত,—
পাদপরাজির চারু শাখায় নিয়ত,—
নানাজাতি খগ আর, মধুপ নিকর,
সুমিষ্ট নিনাদে তোষে সবার অন্তর,—
সেই দান-কুণ্ডতীরে, আমাদের বাস,
হয় যেন চিরদিন, এই অভিলাষ ॥ ৫ ॥

৬। নিজ-নিজ-নবকুঞ্জে গুঞ্জিরোলম্ব-পুঞ্জে
প্রণয়ি-নব-সখীভিঃ সংপ্রবেশ্য প্রিয়ৌ তৌ।
নিরুপম-নবরঙ্গস্তন্যতে যত্র তস্মিন্
সরসি ভবতু বাসো দাননির্ব্বর্ত্তনে নঃ ॥

পুঞ্জে পুঞ্জে মধুকর, যেথা সুখে গুঞ্জে,
কুণ্ডতীরে সেই, নব নব নিজ কুঞ্জে,—
প্রগাঢ় প্রণয়বতী নব সখীগণে,
প্রবেশ ক'রায়ে রা-ইকানু দুইজনে,—
(যেথা) নিরুপম নবরঙ্গ করিছে বিস্তার,
সেই দান-সরসীতে আমা সবাকার,
নিত্য বাসস্থান হোক্,—এই অভিলাষ।
নিয়ত মানসপুরে করিতেছ বাস ॥ ৬ ॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

স্ফটিক-সমমতুচ্ছং যস্য পানীয়মচ্ছং
খগ-নর-পশু-গোভিঃ সংপিবন্তীভিরুচ্চৈঃ।
নিজ-নিজ-গুণবৃদ্ধির্লভ্যতে দ্রাগমুষ্মিন্
সরসি ভবতু বাসো দাননির্ব্বর্ত্তনে নঃ॥

স্ফটিকের মত যাঁ'র নিরমল জল,
পান করি' খগ, মৃগ, পশু, গাভীদল,
শীঘ্র নিজ নিজ গুণে অতিশয় বাড়ে।
সেই 'দান-নির্বর্তন' কুণ্ডের কিনারে,
লাভ হোক আমাদের চিরবাসস্থান।
এ' বাসনা অবিরত কাঁদায় পরাণ॥ ৭॥

৮। সুরভি-মধুর-শীতং যৎপয়ঃ প্রত্যহং তাঃ
সখিগণ-পরিবীতো ব্যাহরন্ পায়য়ন্ গাঃ।
স্বয়মথ পিবতি শ্রীগোপচন্দ্রোঽপি তস্মিন্
সরসি ভবতু বাসো দাননির্ব্বর্ত্তনে নঃ॥

গোপচন্দ্র কৃষ্ণ, নিজ প্রিয় সখাগণে,
পরিবৃত হ'য়ে, নর্ম কথোপকথনে,
সুরভি-মধুর-স্নিগ্ধ যাঁ'র স্বাদু জলে,
প্রতিদিন পিয়াইয়া খ্যাত গাভীদলে,
তারপর আপনিও, করে সুখে পান,—
সেই দান-সরোবরে যাচি বাসস্থান॥ ৮॥

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

৯। পঠতি সুমতিরেতদ্দাননির্বর্ত্তনাখ্যং
প্রথিতমহিম-কুণ্ডস্যাষ্টকং যো যতাত্মা।
স চ নিয়ত-নিবাসং সুষ্ঠু সংলভ্য কালে
কলয়তি কিল রাধাকৃষ্ণয়োর্দানলীলাম্ ॥

যে সুমতি জন, যতাত্মা হইয়া,
প্রথিত-মহিম এ' কুণ্ডের ॥
'দান-নির্বর্তন'— অষ্টক-পঠনে,
মহাযত্ন রাখে, অন্তরের ॥
দান-সরোবরে, নিয়ত বসতি,
লাভ করি' সেই ভক্তজন।
পাবে যোগ্য কালে, রাধা-মাধবের,
দান-লীলা-রঙ্গ দরশন ॥ ৯ ॥

ইতি শ্রীশ্রীদাননির্বর্ত্তনকুণ্ডাষ্টকং সম্পূর্ণম্ ॥

সমাপ্ত

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri

জয় রূপ সনাতন ভট্টরঘুনাথ।
শ্রীজীব গোপালভট্ট দাস-রঘুনাথ॥
এই ছয় গোসাঞির করি চরণ বন্দন।
যাহা হৈতে বিঘ্ননাশ অভীষ্টপূরণ।

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain. Digitizagtion by eGangotri

Dr. Urmila Sharma Collection, Varanasi

CC0. In Public Domain, Digitizagtion by eGangotri



Dr. Urmila Sharma Collection, Varanasi